## অধ্যায়-৩

### পরিবারে শিশুর বেড়ে ওঠা

■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸**

অধরা ও অবন্তি দুই বান্ধবী। অবন্তিদের বাসায় তার একটি ছোট ভাই থাকে। অধরাদের বাসায় অবন্তি বেড়াতে গিয়ে দেখতে পায় যে একটি বড় ডাইনিং টেবিলে চাচা-চাচি, দাদা-দাদিসহ অনেকে খাচ্ছে এবং খাওয়া শেষে অবন্তি অধরাসহ দাদির গল্প শুনতে শুনতে ঘুমিয়ে পড়ল। অবন্তির খুব ভালো লাগল।

ক. সামাজিকীকরণ কী?

খ. শিশুর ভাষা শিৰার প্রথম মাধ্যম 'মা'-ব্যাখ্যা কর।

গ. অবন্তিদের পরিবার কোন ধরনের পরিবার-ব্যাখ্যা কর।

ঘ."সামাজিকীকরণের ৰেত্রে অধরাদের পরিবারের ভূমিকা বেশি"-এ বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও।

**ক** শিশু যেভাবে সামাজিক হয়ে গড়ে ওঠে তাকে সামাজিকীকরণ বলে।

**খ** শিশুর সামাজিকীকরণের প্রথম সূত্রপাত ঘটে মার কাছ থেকে। যেমন : শিশুর ভাষা শিৰার প্রথম মাধ্যম 'মা'। এছাড়াও শিশুর খাদ্যাভ্যাস ও আচরণেও মার প্রভাব লৰ করা যায়। মা-ই শিশুকে প্রথম ঘুম পাড়ায়। পরবর্তীতে বর্ণ শিৰা, শব্দ শিৰা, ছড়া শিৰা সবকিছু মা-ই দিয়ে থাকেন।

**গ** অবন্তিদের পরিবার একটি একক পরিবার। পরিবার একটি স্থায়ী সামাজিক সংগঠন। সকল সমাজেই পরিবার রয়েছে। সব পরিবারের ধরন একরকম নয়। বৈশিষ্ট্যের দিক থেকেও পরিবারের ধরন ভিন্ন। যেমন : স্বামী-স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে একক পরিবার গঠিত হয়। আবার সন্তান উপযুক্ত হলে বিয়ে করে আলাদা পরিবার গঠন করে। তখন আরেকটি নতুন একক পরিবার গঠিত হয়। বাংলাদেশের শহরাঞ্চলে একক পরিবারের সংখ্যা অনেক বেশি। তদ্রূপ উদ্দীপকের অবন্তি তার বাবা-মা ও ছোট ভাইকে নিয়ে একটি পরিবারে বাস করে। এটা একক পরিবারেরই বৈশিষ্ট্য। অতএব, সুনিশ্চিতভাবেই বলা যায়, অবন্তিদের পরিবারের সাথে পাঠ্যবইয়ের একক পরিবার সম্পূর্ণ সাদৃশ্যপূর্ণ।

**ঘ** হ্যাঁ, সামাজিকীকরণের ৰেত্রে অধরাদের পরিবারের ভূমিকা বেশি। উদ্দীপকের এ বক্তব্যের সাথে আমি সম্পূর্ণ একমত। রক্তের সম্পর্কের ভিত্তিতে কয়েকটি একক পরিবার মিলে যৌথ পরিবার গঠিত হয়। যৌথ পরিবারে মা-বাবা, ভাই, বোন, চাচা-চাচি, দাদা-দাদি সবাই একত্রে বাস করে। যৌথ পরিবারের সকল সদস্যদের বন্ধুত্বপূর্ণ আচরণের মাধ্যমে শিশুর সামাজিকীকরণের ব্যাপক বিকাশ ঘটে। তেমনি উদ্দীপকেও দেখা যায়, অধরাদের বাড়িতে তারা চাচা-চাচি, দাদা-দাদি, মা-বাবা সবাই একসাথে বাস করে। দাদির কাছ থেকে সে নানাধরনের গল্পও শোনে। যা তার সামাজিকীকরণে অনেক ভূমিকা রাখে। শুধু অধরার ৰেত্রেই নয় যৌথ পরিবারের সকল সদস্যদের সাথে শিশুর পারস্পরিক আচার-আচারণিক সম্পর্ক গড়ে উঠে। এ সম্পর্কের মধ্য দিয়ে শিশু সহযোগিতা, সহিষ্ণুতা, সহমর্মিতা বিভিন্ন গুণ অর্জন করার সামাজিক শিৰা পায়। যা শিশুর সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ প্রভাব ফেলে। পরিশেষে বলা যায় যে, সামাজিকীকরণের ৰেত্রে যৌথ পরিবারের ভূমিকা অনেক বেশি-উক্তিটি যথার্থই সত্য।

**প্রশ্ন- ২ ▸▸**

রত্না ও রূ পা চাচাতো বোন। একই বাড়িতে তারা দাদা-দাদিসহ বসবাস করতো। তাদের মধ্যে খুবই বন্ধুত্ব। রত্নার বাবা চাকরি নিয়ে অন্যত্র বদলি হলে রত্না মা-বাবার সাথে চলে গেলো। রূ পা দাদা-দাদীসহ অন্যদের সাথে বসবাস করতে লাগলো। অনেকদিন পর রত্না ও রূ পার দেখা হলে তারা আগের মত মিশতে পারে না। রূ পা মিশতে গেলেও রত্না এড়িয়ে চলতে চায়। রূ পা সবার সাথে মিলেমিশে থাকতে চায়। সবাইকে সহযোগিতা করতে চায়। এজন্য সবাই রূ পাকে খুব পছন্দ করে।

ক. সাধারণত শিশুরা ধর্মীয় শিৰা কোথায় পায়?

খ. পরিবার চিরস্থায়ী সামাজিক সংগঠন-ব্যাখ্যা কর।

গ. রত্নার এরূ প আচরণের কারণ ব্যাখ্যা কর।

ঘ."রূ পার আচরণে যৌথ পরিবারের আবদান সর্বাধিক"-তুমি কি একমত? উত্তরের স্বপৰে যুক্তি দাও।

**ক** সাধারণত শিশুরা ধর্মীয় শিৰা পরিবার থেকে পায়।

**খ** পরিবার থেকে মানবজাতি বিকাশ লাভ করেছে এবং তার সাথে সমাজেরও অগ্রগতি সাধিত হয়েছে। একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টিকে পরিবার বলে। যা বিয়ে, আত্মীয়তা অথবা পিতা-মাতার সূত্রের বন্ধনে আবদ্ধ একটি সামাজিক প্রতিষ্ঠান। তাই বলা যায়, পরিবার একটি চিরস্থায়ী সামাজিক সংগঠন।

**গ** উদ্দীপকের রত্না বন্ধুদেরকে এড়িয়ে চলতে চায়। এর পেছনে নানাধরনের কারণ বিদ্যমান। একজন শিশু পরিবার থেকে বন্ধুত্ব, ভ্রাতৃত্ববোধ প্রভৃতি শিৰা গ্রহণ করে। বাংলাদেশের শহরের যেসব পিতা-মাতা উভয়ই চাকুরিজীবী, সেসব পরিবারে শিশুকে গৃহভৃত্যের বা আত্মীয় স্বজনের ওপর নির্ভরশীল হতে হয়। এসব পরিবারের পিতা-মাতা শিশুদেরকে সময় দিতে পারে না। ফলে শিশুর সামাজিকীকরণের বিকাশ ঘটে না। এছাড়াও পারিবারিক বিশৃঙ্খলা, পিতা-মাতার বিচ্ছেদ, ভিন্ন গৃহে বসবাস, উভয়ের মৃত্যু প্রভৃতি শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে বাধার সৃষ্টি করে। ফলে শিশুর আচরণে একাকীত্ববোধ, প্রতিহিংসা, পলায়ন মনোভাব, আত্মকেন্দ্রিক মনোভাব প্রভৃতি দেখা দেয়। এসবই সামাজিকীকরণে সুষ্ঠু পরিবেশের অভাবে হয়ে থাকে।

তদ্রবপ উদ্দীপকেও দেখা যায়, রত্নার বাবা–মা চাকুরিজীবী হওয়ায় রত্নার মধ্যে ব্যাপক একাকীত্ব সৃষ্টি হয়েছে যার কারণে যে বন্ধুদের সাথে মিশতে পারে না। এমনকি তাদেরকে এড়িয়েও চলে। অতএব বলা যায় যে, উদ্দীপকের রত্না সুষ্ঠু সামাজিকীকরণের অভাবে এমন বন্ধুত্বহীন আচরণ করে।

**ঘ** হ্যাঁ, রূ পার আচরণে যৌথ পরিবারের অবদান সর্বাধিক। আমি এ বক্তব্যের সাথে সম্পূর্ণ একমত। যৌথ পরিবারে দাদা–দাদি, চাচা–চাচিসহ অন্যান্য সদস্যদের সাথে শিশুর পারস্পরিক সম্পর্ক গড়ে ওঠে। এ ধরনের সম্পর্কের মাধ্যমে শিশু পারস্পরিক সহযোগিতা, সহিষ্ণুতা, সহমর্মিতা, সহনশীলতা, নিরাপত্তাবোধ, সমানভাগের অংশীদারসহ বিভিন্ন গুণ অর্জন করার শিৰা পায়। যা শিশুর সামাজিকীকরণে ব্যাপক প্রভাব ফেলে। মূলত পরিবার শিশুর সামাজিকীকরণের একটি গুরবত্বপূর্ণ মাধ্যম। শিশুর জীবনের ভালো ও খারাপ অভ্যাস এসবই পরিবারেরই ফল। তদ্রবপ উদ্দীপকের রূ পার মধ্যে বন্ধুত্বপূর্ণ আচরণ লৰ করা যায়। কারণ সে তার বাবা–মা, দাদা–দাদিসহ একই পরিবারে বসবাস করে। এতে রূ পার ভিতরে পরিবারের সদস্যদের ভালো আচরণগুলো ব্যাপকভাবে প্রভাব বিস্তার করে। এছাড়াও যৌথ পরিবারের মধ্যে বসবাস করলে শিশুর মধ্যে সামাজিক নীতিবোধ, নাগরিক চেতনাবোধ, ভ্রাতৃত্ববোধ ও ভালোবাসা জন্মে। পরিশেষে বলা যায় যে, উদ্দীপকের রূ পার এরূ প বন্ধুত্বপূর্ণ আচরণে যৌথ পরিবারের অবদান যে সর্বাধিক তা অনস্বীকার্য।

**প্রশ্ন– ১ ▸▸**

চার মাসের ছোট্ট নীলাদ্রিকে দাদু কোলে নিয়ে আদর করে বলেন, এ হচ্ছে চিরস্থায়ী সামাজিক সংগঠনের গুরবত্বপূর্ণ সদস্য। এ ধরনের সংগঠন থেকে মানবজাতি বিকাশ লাভ করেছে এবং সাথে সাথে সমাজের কাঙ্ক্ষিত অগ্রগতি সাধিত হয়েছে।

ক. শহুরে পরিবারের প্রধান রূ প কী? ১

খ. পরিবর্তনশীল পরিবার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন সামাজিক সংগঠন নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত সংগঠনের ধরণসমূহ পাঠ্যপুস্তকের আলোকে বিশেৱষণ কর। ৪

**ক** শহুরে পরিবারের প্রধান রূ প হচ্ছে ক্ষুদ্র পরিবার।

**খ** পরিবর্তনশীল পরিবার বলতে মূলত ধরন পরিবর্তন হয়ে যে পরিবারের সৃষ্টি হয় সে পরিবারকে বোঝায়। যেমন : গ্রামীণ যৌথ পরিবার ভেঙে একক পরিবারের সৃষ্টি হয়। অধিক জনসংখ্যা, পারিবারিক দ্বন্দ্ব, বিবাহ বিচ্ছেদ, নারীর কর্মসংস্থান প্রভৃতি কারণে পরিবারের এ ধরনের পরিবর্তন সূচীত হয়।

**গ** উদ্দীপকে সামাজিক সংগঠন পরিবার সম্পর্কে নির্দেশিত হয়েছে। একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টিকে পরিবার বলে। এটি বিয়ে, আত্মীয়তা অথবা পিতামাতার সূত্রের বন্ধনে আবদ্ধ একটি সামাজিক প্রতিষ্ঠান। এর সদস্যদের মধ্যে থাকে গভীর সম্পর্ক। যার মূলে রয়েছে স্নেহ, মায়া–মমতা এবং আবেগীয় সম্পর্ক। সমাজের প্রাথমিক প্রতিষ্ঠান হিসেবে পরিবার নানারকম দায়িত্ব পালন করে থাকে। এদের মধ্যে বংশরৰা ও সামাজিকীকরণ অন্যতম। আবার সৃষ্টির শুরব থেকে আজপর্যন্ত পরিবারের ধরনে ও ভিন্নতা লৰ্য করা যায়। তাছাড়া পরিবার হচ্ছে শিশু বেড়ে ওঠার প্রথম সূতিকাগার। এর মাধ্যমেই শিশুর সামাজিকীকরণ শুরব হয়। আদিম সমাজে পরিবার ব্যবস্থা যেমন ছিল বর্তমানে তেমনটি নেই। নানা বিবর্তনের মধ্য দিয়ে পরিবার আধুনিক রূ প লাভ করেছে; যার প্রতিচ্ছবি উদ্দীপকে তুলে ধরা হয়েছে। সুতরাং বলা যায় যে, উদ্দীপকে চিরস্থায়ী সামাজিক সংগঠন পরিবারের কথা বলা হয়েছে।

**ঘ** উক্ত সংগঠন অর্থাৎ পরিবারের দুটি ধরন রয়েছে। যথা : একক পরিবার ও যৌথ পরিবার। স্বামী–স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে একক পরিবার গঠিত হয়। সন্তান উপযুক্ত হলে বিয়ে করে আলাদা পরিবার গঠন করে। তখন আরেকটি নতুন একক পরিবার হয়। একক পরিবারে স্বামীর মতামতকে প্রাধান্য দেওয়া হয়। তবে স্ত্রীর মতামত উপেৰিত নয়। বাংলাদেশের শহরাঞ্চলে একক পরিবারের সংখ্যা অনেক বেশি। অন্যদিকে রক্তের সম্পর্কের ভিত্তিতে কয়েকটি একক পরিবার মিলে যৌথ পরিবার গঠিত হয়। সাধারণত কোনো পরিবারের কর্তার সাথে যদি তার বাবা–মা এবং এক বা একাধিক ভাই, বোন ও তাদের সন্তান সন্ততি বা দাদা–দাদি, চাচা–ফুফু একত্রে বসবাস করে তাকে যৌথ পরিবার বলে। বাংলাদেশ ও ভারতের গ্রামাঞ্চলে যৌথ পরিবার দেখা যায়। তবে সম্প্রতি আর্থিক পরিবর্তন, পেশাগত পরিবর্তন এবং সম্পত্তির সিলিং নীতি ইত্যাদি কারণে বাংলাদেশের গ্রামীণ সমাজে যৌথ পরিবারে ভাঙন দেখা দিয়েছে। বাংলাদেশের গ্রামীণ সমাজে পরিবারের ৰমতা পিতার হাতেই বেশি লৰ করা যায়।

**প্রশ্ন– ২ ▸▸**

জনাব ‘ক’ গ্রামে বসবাস করেন। কৃষিকাজ করেই তিনি জীবিকা নির্বাহ করেন। পরিবারের নেতৃত্ব কেবল তার হাতেই ন্যস্ত। অন্যদিকে তার বন্ধু জনাব ‘খ’ শহরে বসবাস করেন। পরিবারে সিদ্ধান্ত গ্রহণের ৰেত্রে জনাব ‘খ’ তার স্ত্রীর মতামতকে যথেষ্ট গুরবত্ব দিয়ে থাকেন।

ক. পরিবার কাকে বলে? ১

খ. একক পরিবার বলতে কী বোঝায়? ২

গ. জনাব ‘খ’ এর পরিবার কোন ধরনের পরিবারের ইঙ্গিত বহন? ব্যাখ্যা কর। ৩

ঘ.জনাব ‘ক’ ও জনাব ‘খ’ এর পরিবারের তুলনামূলক আলোচনা কর। ৪

**ক** একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টিকে পরিবার বলে।

**খ** স্বামী–স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে গঠিত পরিবারকে একক পরিবার বলে। সন্তান উপযুক্ত হলে বিয়ে করে আলাদা পরিবার গঠন করে। তখন আরেকটি নতুন একক পরিবার হয়। বাংলাদেশের শহরাঞ্চলে একক পরিবারের প্রাধান্য বেশি। এছাড়া বর্তমান বিশ্বেও একক পরিবারের গ্রহণযোগ্যতাই সর্বাধিক।

**গ** জনাব 'খ' এর পরিবার শহুরে পরিবারের ইঙ্গিত বহন করে। সীমিত আয় এবং বাসস্থান সমস্যার কারণে গড়ে উঠা ক্ষুদ্র পরিবারই হচ্ছে শহুরে পরিবারের প্রধান রূপ। এ ধরনের পরিবারগুলো সাধারণত স্বামী-স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে গড়ে উঠে। সহজ, সরল ও সাবলীল জীবনযাপন এ ধরনের পরিবারের অন্যতম বৈশিষ্ট্য। এ ধরনের পরিবারগুলোতে সাধারণত স্বামী-স্ত্রী উভয়েই শিক্ষিত হয়। শহরের এ শিক্ষিত মধ্যবিত্ত ও উচ্চবিত্ত পরিবারের নেতৃত্ব কেবল স্বামীর হাতেই ন্যস্ত থাকেন। একে অপরের প্রতি শ্রদ্ধাবোধ পোষণ করে। তারা একে অন্যের মতামতকে গুরুত্ব দিয়ে থাকে। পরিবারের যেকোন বিষয়ে তারা একে অপরের সাথে মত বিনিময় করে সিদ্ধান্ত নিয়ে থাকে। তেমনি উদ্দীপকেও দেখা যায় জনাব 'খ' পরিবারের যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তার স্ত্রীর মতামতকে যথেষ্ট গুরুত্ব দেন। সুতরাং বলা যায়, জনাব 'খ' এর পরিবারটি শহুরে পরিবারকে নির্দেশ করছে।

**ঘ** জনাব 'ক' এর পরিবার গ্রামীণ পরিবার। অন্যদিকে জনাব 'খ' এর পরিবার শহুরে পরিবার। গ্রামীণ পরিবার ও শহুরে পরিবারের মধ্যে ব্যাপক পার্থক্য রয়েছে। গ্রামীণ পরিবারগুলো সাধারণত যৌথ পরিবার। এ ধরনের পরিবারের বেশিরভাগই কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করে। তাই উত্তরাধিকার সূত্রে প্রাপ্য জমি প্রথমে দাদা তার পর বাবা পরে ছেলে এইভাবে ক্রমে পরিবার বড় হতে থাকে। অন্যদিকে শহুরে পরিবারগুলো একক পরিবার। এখানে বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষ বসবাস করে। বর্তমানে গ্রামে আর্থিক পরিবর্তন, পেশাগত পরিবর্তন, সম্পত্তির সিলিং নীতি ইত্যাদি কারণে যৌথ পরিবারে ভাঙন দেখা দিয়েছে। অন্যদিকে সীমিত আয় এবং বাসস্থান সমস্যার কারণে ক্ষুদ্র পরিবারই হচ্ছে শহুরে পরিবারের প্রধান রূপ। এছাড়াও শহুরে পরিবারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্বামী-স্ত্রীর উভয়ের মতামতকেই গুরুত্ব প্রদান করা হয়। সুতরাং দেখা যাচ্ছে, জনাব 'ক' ও জনাব 'খ' এর পরিবারের মধ্যে বিস্তর পার্থক্য বিদ্যমান।

**প্রশ্ন- ৩ ▸▸**

জনাব আসাদের পরিবারে স্ত্রী সন্তান ছাড়াও রয়েছে তার মা-বাবা, ভাইবোন। প্রত্যেক মাসে পরিবারের ভরণপোষণ চালাতে তাকে বেশ বেগ পেতে হয়। অন্যদিকে, জনাব সরওয়ার চাকরি পেয়ে গ্রাম ছেড়ে শহরে গিয়ে একমাত্র সন্তান ও স্ত্রীকে নিয়ে বসবাস করছে।

ক. পরিবারের অন্যতম দায়িত্ব কী? ১

খ. গ্রামীণ ও শহুরে পরিবারের মধ্যে পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকে জনাব আসাদের পরিবারের ধরন বর্ণনা কর। ৩

ঘ. "সরওয়ার সাহেবের পরিবারটি পরিবারের ক্ষুদ্র ও সর্বাধুনিক রূপ"- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## ৩ নং প্রশ্নের উত্তর

**ক** পরিবারের অন্যতম দায়িত্ব হলো বংশরক্ষা ও সামাজিকীকরণ।

**খ** গ্রামীণ পরিবারগুলো হলো অধিকাংশই যৌথ পরিবার। অন্যদিকে শহরের বেশিরভাগ পরিবার হলো একক পরিবার। গ্রামীণ পরিবারগুলোতে বংশমর্যাদা ভিত্তিতে সামাজিক মর্যাদা নির্ধারিত হয়। অন্যদিকে শহরের পরিবারগুলোতে পেশার ভিত্তিতে সামাজিক মর্যাদা নির্ধারিত হয়।

**গ** জনাব আসাদের পরিবার হলো যৌথ পরিবার। বস্তুত কোনো পরিবারের কর্তার সাথে যদি তার বাবা-মা এবং এক বা একাধিক ভাই, বোন ও তাদের সন্তান সন্ততি বা দাদা-দাদি, চাচা-ফুফু একত্রে বসবাস করে তাকে যৌথ পরিবার বলে। এ ধরনের পরিবার রক্তের সম্পর্কের ভিত্তিতে গড়ে উঠে। অর্থাৎ রক্তের সম্পর্কের ভিত্তিতে কয়েকটি একক পরিবার মিলে যৌথ পরিবার গঠিত হয়। বাংলাদেশ ও ভারতের গ্রামাঞ্চলে এ ধরনের পরিবার দেখা যায়। উদ্দীপকে জনাব আসাদ স্ত্রী সন্তান, মা-বাবা ও ভাইবোন নিয়ে বসবাস করে বলেই তার পরিবারটি একটি যৌথ পরিবার হিসেবে বিবেচিত হয়। এ ধরনের পরিবারে বয়োজৈষ্ঠদেরকেই পরিবারের কর্তা হিসেবে গণ্য করা হয়। এছাড়াও যৌথ পরিবারকে পরিবারের অর্থনৈতিক একক বলা হয়। অতএব উদ্দীপকে জনাব আসাদের পরিবারটি পাঠ্যবইয়ের যৌথ পরিবারেরই সাদৃশ্য বহন করে।

**ঘ** উদ্দীপকে জনাব সরওয়ারের পরিবারটি একক পরিবার। পরিবারের ক্ষুদ্র ও সর্বাধুনিক রূপ হচ্ছে একক পরিবার। এ ধরনের পরিবারে স্বামী স্ত্রী এবং তাদের ছোটছোট ছেলেমেয়ে থাকে। কারোও কারোও মতে একক পরিবার বলতে বোঝায় শুধু স্বামী স্ত্রী নিয়ে গঠিত পরিবার। সহজ, সরল ও সাবলীল জীবন পদ্ধতি এ ধরনের পরিবারের অন্যতম বৈশিষ্ট্য। শিল্পোন্নত এবং আত্মকেন্দ্রিক সমাজে এ ধরনের পরিবারের প্রচলন অনেক বেশি। এছাড়া পাশ্চাত্য সমাজে এ ধরনের পরিবার বেশ জনপ্রিয়। এ ধরনের পরিবারের সন্তানরা উপযুক্ত হলে বিয়ে করে আলাদা পরিবার গঠন করে। তখন আরেকটি নতুন একক পরিবার হয়। একক পরিবারের নেতৃত্ব কেবল স্বামীর হাতেই ন্যস্ত থাকে না। এ ধরনের পরিবারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্ত্রীর মতামতকে যথেষ্ঠ গুরুত্ব দেওয়া হয়। বাংলাদেশের শহরাঞ্চলে এ ধরনের পরিবারের সংখ্যা বেশি। পরিশেষে বলা যায় যে, সরওয়ার সাহেবের পরিবারটি বর্তমানে পরিবারের ক্ষুদ্র ও সর্বাধুনিক এবং পরিমার্জিত সংস্করণ।

**প্রশ্ন- ৪ ▸▸**

জনাব 'ক' একজন ব্যবসায়ী। তিনি স্ত্রী সন্তান, মা-বাবা ও ভাইবোন নিয়ে বসবাস করেন। তার পরিবারের সদস্য সংখ্যা বারজন। পরিবারের ভরণপোষণের পর তিনি তার সন্তানদের লেখাপড়া খরচ চালাতে পারেন না। প্রত্যেক মাসেই তিনি অর্থ কষ্টে ভোগেন।

ক. শিশুর বেড়ে ওঠার প্রথম সূতিকাগার কী? ১

খ. "সমাজ জীবন সামাজিকীকরণের একটি গুরুত্বপূর্ণ উপাদান।" ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'ক' এর পরিবারের সাথে পাঠ্যবইয়ের কোন ধরনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পরিবার দিন দিন বিলুপ্ত হয়ে যাচ্ছে- উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ৪ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর বেড়ে ওঠার প্রথম সূতিকাগার হলো পরিবার।

**খ** সমাজ জীবন সামাজিকীকরণের একটি গুরবত্বপূর্ণ উপাদান। মানুষের সমাজ জীবন মূলত কতগুলো আচার-আচরণ দ্বারা নিয়ন্ত্রিত। মানুষ যে সমাজে বসবাস করে, সে সমাজের জীবনধারা অর্থাৎ আচার-আচরণের সমষ্টিই হলো সমাজ জীবন। মানুষ সমাজের নানা কর্মকাণ্ড ও অনুষ্ঠানে অংশগ্রহণ করে। এসব কর্মকাণ্ড ও অনুষ্ঠান সংশিরষ্ট আচরণের সাথে মানুষ ক্রিয়া-প্রতিক্রিয়া করে খাপ খাওয়ানোর চেষ্টা করে।

**গ** জনাব 'ক' এর পরিবারের সাথে যৌথ পরিবারের সাদৃশ্য রয়েছে সাধারণত কোনো পরিবারের কর্তার সাথে যদি তার বাবা-মা এবং এক বা একাধিক ভাই, বোন ও তাদের সন্তান সন্ততি বা দাদা-দাদি, চাচা-ফুফু একত্রে বসবাস করে তাকে যৌথ পরিবার বলে। যৌথ পরিবার বিবাহিত পুত্র ও তার সন্তানাদিসহ পিতা-মাতার কর্তৃত্বাধীনে এক সংসারে বাস করে। এ ধরনের পরিবার রক্তের সম্পর্কের ভিত্তিতে গড়ে উঠে। অর্থাৎ রক্তের সম্পর্কের ভিত্তিতে কয়েকটি একক পরিবার মিলে যৌথ পরিবার গঠিত হয়। উদ্দীপকে দেখা যায়, জনাব 'ক' তার স্ত্রী সন্তান, মা-বাবা ও ভাইবোন নিয়ে একত্রে বসবাস করেন। তার পরিবারের মোট সদস্য সংখ্যা বারজন; যা যৌথ পরিবারকেই নির্দেশ করছে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি উক্ত ধরনের পরিবার অর্থাৎ যৌথ পরিবার দিন দিন বিলুপ্ত হয়ে যাচ্ছে। শিল্পায়ন, নগরায়ন, জনসংখ্যা বৃদ্ধি, জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি প্রভৃতি যৌথ পরিবার বিলুপ্ত হওয়ার পেছনে মুখ্য ভূমিকা পালন করছে। আমাদের দেশে গ্রামীণ সমাজে যৌথ পরিবারই বেশি দেখা যায়। কেননা গ্রামীণ সমাজে বেশিরভাগ পরিবারই কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করে। তাই উত্তরাধিকারসূত্রে প্রাপ্য জমি প্রথমে দাদা তার পর বাবা পরে ছেলে ক্রমান্বয়ে চাষাবাদ করে। এইভাবে ক্রমে পরিবার বড় হতে থাকে। সাধারণভাবে গ্রামের পরিবারগুলো এক সময় যৌথ ধরনের ছিল। কিন্তু বর্তমানে আর্থিক পরিবর্তন, পেশাগত পরিবর্তন এবং সম্পত্তির সিলিং নীতি ইত্যাদি কারণে যৌথ পরিবারে ভাঙন দেখা দিয়েছে। আর এ প্রেৰিতে আমি মনে করি যৌথ পরিবার দিন দিন বিলুপ্ত হয়ে যাচ্ছে।

**প্রশ্ন- ৫ ▸▸**

মিশু ও নাহার দুজন দুজনকে ভালোবাসে। সম্প্রতি তারা সমাজ স্বীকৃত নির্দিষ্ট কিছু আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে একটি চিরস্থায়ী সামাজিক সংগঠনের সদস্য হয়। নানা বিবর্তনের মধ্য দিয়ে সংগঠনটি বর্তমান অবস্থায় এসে উপনিত হয়েছে। সংগঠনটির উৎপত্তি যেভাবেই হোক না কেন এটি মানব সমাজের সবচেয়ে গুরবত্বপূর্ণ সামাজিক প্রতিষ্ঠান।

ক. সমাজের ক্ষুদ্র একক কী? ১

খ. যৌথ পরিবার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন সামাজিক সংগঠনের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.'উক্ত সংগঠনটির শিৰা বিষয়ক ভূমিকা আগের মতো নেই'- যুক্তিপূর্ণ মতামত দাও। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** সমাজের ক্ষুদ্র একক হলো পরিবার।

**খ** কোনো পরিবারের কর্তার সাথে যদি তার বাবা-মা এবং এক বা একাধিক ভাই, বোন ও তাদের সন্তান সন্ততি দাদা-দাদি, চাচা-ফুফু একত্রে বসবাস করে তাকে যৌথ পরিবার বলে। বাংলাদেশ ও ভারতের গ্রামঞ্চলে যৌথ পরিবার দেখা যায়।

**গ** উদ্দীপকে সামাজিক সংগঠন পরিবারের ইঙ্গিত রয়েছে। সাধারণত একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টিকে পরিবার বলে যা বিয়ে, আত্মীয়তা অথবা পিতা-মাতার সূত্রের বন্ধনে আবদ্ধ একটি সামাজিক প্রতিষ্ঠান। বিবাহ পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত। একজন পুরবষ সমাজস্বীকৃত উপায়ে একজন নারীকে বিয়ে করার মাধ্যমে পরিবার গঠন করে। এ পরিবার ব্যবস্থা থেকেই মানবজাতির বিকাশ লাভ ঘটেছে এবং তার সাথে সমাজেও অগ্রগতি সাধিত হয়েছে। আদিম সমাজে পরিবার ব্যবস্থা এমন ছিল না। নানা বিবর্তনের মধ্য দিয়ে পরিবার আধুনিক রূ প লাভ করেছে। উদ্দীপকে দেখা যায়, মিশু ও নাহার একে অপরকে ভালোবেসে সমাজ স্বীকৃত পন্থায় নির্দিষ্ট কিছু আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে অর্থাৎ বিবাহের মধ্য দিয়ে চিরস্থায়ী সামাজিক সংগঠনের সদস্য হয়; যা মূলত পরিবারকেই নির্দেশ করে। তাই বলা যায়, উদ্দীপকে চিরস্থায়ী সামাজিক সংগঠন পরিবারের কথাই ইঙ্গিত করা হয়েছে।

**ঘ** উক্ত সংগঠনের অর্থাৎ পরিবারের শিৰা বিষয়ক ভূমিকা আগের মতো নেই- উক্তিটি যথার্থ। মূলত শিশুর সামাজিকীকরণে প্রথম ভূমিকা রাখে পরিবার। শিশুর প্রাথমিক শিৰা গ্রহণে পরিবারের ভূমিকা গুরবত্বপূর্ণ। প্রকৃতপৰে পিতা-মাতার মাধ্যমেই শিশু শিৰা জগতে প্রবেশ করে। এ কারণে বলা হয়, পরিবার হলো গুরবত্বপূর্ণ শিৰা প্রতিষ্ঠান। যৌথ পরিবারগুলোতে খুব অল্প বয়স থেকেই সন্তান সন্ততিরা পারিবারিক পেশায় সাথে যুক্ত হতো। পরিবার এৰেত্রে শিশুর শিৰার কেন্দ্র হিসেবে কাজ করত। কিন্তু শিৰাৰেত্রে পরিবারের এ দায়িত্ব ও ভূমিকা বর্তমানে অন্যান্য প্রতিষ্ঠানগুলো গ্রহণ করেছে। শিশু শিৰার জন্য সাধারণ স্কুল, টেকনিক্যাল বিদ্যালয়, কিন্ডার গার্টেন, ইংলিশ মিডিয়াম স্কুলসহ বহু প্রতিষ্ঠান গড়ে উঠেছে। আর এ প্রেৰিতে বলা যায় যে, পরিবারের শিৰা বিষয়ক ভূমিকা আগের মতো নেই। যা শিশুর সামাজিকীকরণে প্রভাব ফেলছে।

**প্রশ্ন- ৬ ▸▸**

| ধর্ম শিক্ষা : |
|---|
| • ক্যাসেট |
| • ভিসিডি |
| • মৌলভী |

ছক-১

| লালন পালন : |
|---|
| • বেবি কেয়ার |
| • ডে কেয়ার |
| • বেবি হোম |

ছক-২

| বিনোদান : |
|---|
| • পার্ক |
| • যাদুঘর |
| • চিড়িয়াখানা |

ছক-৩

ক. শিশুর সামাজিকীকরণে প্রথম ভূমিকা রাখে কোনটি? ১

খ. শিশুর সামাজিকীকরণে পরিবারের প্রভাব বর্ণনা কর। ২

গ. ছক-১ এ কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.ছক–২ ও ছক–৩ বিশেরষণ কর। ৪

## ৬ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর সামাজিকীকরণে প্রথম ভূমিকা রাখে পরিবার।

**খ** শিশুর জীবনের ভালো ও খারাপ অভ্যাস পরিবারের সামাজিকীকরণের ফল। পরিবারের মধ্যেই শিশুর সামাজিক নীতিবোধ, নাগরিক চেতনা, সহযোগিতা, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ, আত্মত্যাগ ও ভালোবাসা জন্মে। পরিবারে শিশুর সুষ্ঠু সামাজিকীকরণ হলে শিশু সমাজের কাঙ্ক্ষিত আচরণ করে। তাই একটি শিশুর সামাজিকীকরণে পরিবারের প্রভাব অপরিসীম।

**গ** ছক–১ এ শিশুর ধর্ম শিৰার বিষয়টির প্রতিফলন ঘটেছে। এক সময় ধর্মশিৰা বিষয়ে পরিবার যথেষ্ট ভূমিকা পালন করতো। কিন্তু বর্তমানে এর পরিমাণ অনেকাংশে হ্রাস পেয়েছে। পাশ্চাত্য ও বস্তুবাদী চিন্তাধারা এৰেত্রে মূল ভূমিকা রেখেছে। সাধারণত পরিবারের মধ্যেই শিশুর ধর্মশিৰা দেওয়া হয়। ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে পিতামাতা, কিংবা দাদা–দাদি বা অন্যান্য সদস্য বিভিন্নভাবে শিশুকে অবহিত করতেন। সময়ের পরিবর্তনে পরিবারের ধর্ম বিষয়ক ভূমিকা দুর্বল হয়ে পড়েছে। যা শিশুর সামাজিকীকরণে প্রভাব ফেলছে। সাম্প্রতিক সময়ে দেখা যায় ক্যাসেট, ভিসিডি কিংবা মৌলভী রেখে শিশুকে ধর্ম শিৰা দেওয়া হচ্ছে যা উদ্দীপকের ছক–১ এ দেখানো হয়েছে। এতে শিশুর মধ্যে প্রকৃত ধর্মীয় মূল্যবোধ তৈরি হচ্ছে না। ধর্ম মানুষের জীবনে যে মানবিক, নৈতিক গুণ তৈরি করে, সে গুণ তৈরি হচ্ছে না।

**ঘ** ছক–২ ও ছক–৩ এ শিশুর সামাজিকীকরণের দুটি পরিবর্তনশীল ধারা তুলে ধরা হয়েছে। এতদিন পর্যন্ত শিশুর লালন পালন পরিবারের প্রধান দায়িত্ব হিসেবে বিবেচিত হয়ে এসেছে। কিন্তু বাংলাদেশের সমাজে এখন অনেক প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছে। যারা শিশুর লালন পালনের দায়িত্ব যত্নসহকারে বহন করে। তবে শহরে এসব প্রতিষ্ঠান বেশি গড়ে উঠেছে। যেমন : চাকুরিজীবী পিতা–মাতার সন্তানরা বেবি হোমে, ডে–কেয়ার সেন্টার কিংবা অন্যভাবে লালন পালন হচ্ছে যা ছক–২ এ দেখানো হয়েছে। আবার দেখা যায়, পরিবারের অনেক দায়িত্ব বিভিন্ন সামাজিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গ্রহণ করেছে। শিৰা, বিনোদন, অর্থনৈতিক উৎপাদন ইত্যাদি কাজগুলো এখন পারিবারিক পর্যায়ে তেমন সম্পন্ন হচ্ছে না। পার্ক, যাদুঘর ও চিড়িয়াখানার মতো বিনোদনমূলক ব্যবস্থা পরিবার করছে না। এগুলো সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে তৈরি হচ্ছে যা ছক–৩ এ দেখানো হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে পারিবারিক মণ্ডল হতে বেরিয়ে বর্তমানে শিশুর সামাজিকীকরণের ৰেত্রে ব্যাপক পরিবর্তন এসেছে।

**প্রশ্ন– ৭ ▸▸**

মিশু ও মুন দম্পত্তির ঘর আলোকিত করে একটি শিশু সন্তান জন্ম নিল। ধীরে ধীরে শিশুটি বেড়ে উঠছে। তার এই বেড়ে উঠার ৰেত্রে পরিবারের সদস্য ও পিতামাতার থেকে বিভিন্ন কিছু শিখছে। মূলত শিশুটির এই শিখন প্রক্রিয়াটি তার মৃত্যু পর্যন্ত চলতে থাকবে।

ক. মানব সমাজের সবচেয়ে গুরবত্বপূর্ণ সামাজিক প্রতিষ্ঠান কী? ১

খ. পরিবার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন প্রক্রিয়ার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.'উক্ত প্রক্রিয়ার সবচেয়ে গুরবত্বপূর্ণ মাধ্যম পরিবার'– মতামত দাও। ৪

## ৭ নং প্রশ্নের উত্তর

**ক** মানব সমাজের সবচেয়ে গুরবত্বপূর্ণ সামাজিক প্রতিষ্ঠান হলো পরিবার।

**খ** পরিবার হচ্ছে একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টি। বিবাহের মাধ্যমেই এর সূত্রপাত হয়। বস্তুত পরিবার হচ্ছে বিয়ে, আত্মীয়তা অথবা পিতা–মাতার সূত্রের বন্ধনে আবদ্ধ একটি সামাজিক প্রতিষ্ঠান।

**গ** উদ্দীপকে সামাজিকীকরণ প্রক্রিয়ার প্রতিফলন ঘটেছে। শিশু যেভাবে সামাজিক হয়ে উঠে তাকে সামাজিকীকরণ বলা হয়। শিশু পরিবারে জন্ম নেয় এবং পরিবারেই বেড়ে ওঠে। শিশুর এই বেড়ে ওঠার ৰেত্রে তার পিতামাতার পাশাপাশি পরিবারের সদস্যরা ভূমিকা পালন করে। পিতা–মাতার মাধ্যমেই সে শিৰা জগতে প্রবেশ করে। সে পরিবারের সদস্যদের কাছ থেকে সহযোগিতা, সহিষ্ণুতা, সহমর্মিতা, সহনশীলতা, নিরাপত্তাবোধ, সমানভাগের অংশীদার প্রবণতাসহ বিভিন্ন গুণ অর্জন করার শিৰা পায়। যা শিশুর সামাজিকীকরণে প্রভাব ফেলে। শিশুর এই শিখন প্রক্রিয়া জন্ম থেকে মৃত্যু পর্যন্ত চলতে থাকে; যা উদ্দীপকে বলা হয়েছে। সুতরাং বলা যায় যে, উদ্দীপকে সামাজিকীকরণ প্রক্রিয়াই নির্দেশিত হয়েছে।

**ঘ** উক্ত প্রক্রিয়ার অর্থাৎ সামাজিকীকরণের সবচেয়ে গুরবত্বপূর্ণ মাধ্যম হচ্ছে পরিবার। মূলত পরিবারের মাধ্যমেই শিশুর প্রথম সামাজিকীকরণ শুরব হয়। এটি শিশু বেড়ে ওঠার প্রথম সূতিকাগার। পরিবার থেকে সে ভাষা শিৰা, খাদ্যভ্যাস, আচরণের শিৰা পায়। পরিবার থেকেই শিশু স্নেহ, মায়া–মমতা, ভালোবাসা এবং আবেগীয় সম্পর্কের ধারণা পেয়ে থাকে। পরিবার মাধ্যমেই সে প্রথমে শিৰা জগতে প্রবেশ করে। তার খাদ্যভ্যাস, বর্ণশিৰা, ছড়া শিৰা, পরিবার থেকেই শুরব হয়। পরিবার মধ্যেই শিশুর সামাজিক নীতিবোধ, নাগরিক চেতনা, সহযোগিতা, সম্প্রতি, ভ্রাতৃত্ববোধ, আত্মত্যাগ ও ভালোবাসা জন্মে; যা শিশুকে সমাজ এ রাষ্ট্রের একজন যোগ্য নাগরিক হিসাবে গড়ে তুলতে সহায়তা করে। আর এ প্রেৰিতে আমি মনে করি সামাজিকীকরণের সবচেয়ে গুরবত্বপূর্ণ মাধ্যম হচ্ছে পরিবার।

**প্রশ্ন– ৮ ▸▸**

যৌথ পরিবারের সদস্য রায়হান ও এলমুন উচ্চ শিৰিত দম্পতি। তাদের একটি মাত্র সন্তান হাসান। দুজনই চাকরিজীবী হলেও তারা হাসানের ব্যাপারে খুবই যত্নশীল। হাসানের যেকোনো সমস্যার সমাধানে তারা দুজনই ভূমিকা পালন করে। হাসানও তার বাবা মায়ের প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল। বাবা–মায়ের অমতে সে কোন কাজ করে না।

ক. শিশুর সামাজিকীকরণে কীরূ প পরিবেশ প্রয়োজন? ১

খ. কোন ধরনের পরিবারে শিশুর সুষ্ঠু সামাজিকীকরণ হয় না? ব্যাখ্যা কর। ২

গ. হাসানের সামাজিকীকরণে রায়হান ও এলমুনের মধ্যে কার ভূমিকা সবচেয়ে বেশি? ব্যাখ্যা কর। ৩

ঘ.হাসানের সামাজিকীকরণে পরিবারের সদস্যদের পারস্পরিক ভূমিকা মূল্যায়ন কর। ৪

## ৮ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর সামাজিকীকরণে সুন্দর পারিবারিক পরিবেশ প্রয়োজন।

**খ** শিশুর সামাজিককীরণের জন্য সুন্দর পারিবারিক পরিবেশ প্রয়োজন। যেসব পরিবারে সাধারণত পারিবারিক বিশৃঙ্খলা, পিতা–মাতার বিচ্ছেদ, ছাড়াছাড়ি, ভিন্ন গৃহে বসবাস, পিতা কিংবা মাতা বা পিতা–মাতা উভয়ের মৃত্যু শিশুর সামাজিকীকরণে বাধার সৃষ্টি করে। এসব পরিবারে শিশুর সুষ্ঠু সামাজিকীকরণ হয় না।

**গ** হাসানের সামাজিকীকরণে রায়হান ও এলমুনের মধ্যে এলমুনের ভূমিকাই সবচেয়ে বেশি। কেননা শিশুর পিতামাতার মধ্যে অধিকতর কাছের মানুষ হলেন তার মা। আর শিশুর সামাজিকীকরণের প্রথম সূত্রপাত ঘটে তার মায়ের কাছ থেকে। শিশুর ভাষা শিৰার প্রথম মাধ্যম 'মা'। মা শিশুর যেসব খাদ্যের প্রতি ঝোঁক সৃষ্টি করবেন, শিশুর খাদ্যাভ্যাস ও আচরণে তার প্রভাব লৰ করা যায়। মাই প্রথম শিশুকে ঘুম পাড়ায়। পরবর্তী সময়ে শিশু বর্ণশিৰা, শব্দ শিৰা, ছড়া শিৰা মা'ই প্রথম দিয়ে থাকেন। মা–ই প্রথম শিশুকে পারিবারিক ও সামাজিক নিয়ম–শৃঙ্খলা ও নীতিবোধের শিৰা দেয়। এসবই শিশু মনে প্রভাব ফেলে। যা তার আচার–আচরণের মধ্য দিয়ে প্রকাশ পায়। আর এ কারণেই আমি মনে করি, রায়হান ও এলমুনে মধ্যে হাসানের সামাজিকীকরণে এলমুনের ভূমিকাই বেশি।

**ঘ** হাসানের সামাজিকীকরণে পরিবারের অন্যান্য সদস্যদের ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বস্তুত বাবা পরিবারে জন্য উপার্জন করেন, কোনো কোনো পরিবারে মাও উপার্জন করেন। সংসার পরিচালনার জন্য তাদেরকে অনেক নিয়ম–নীতি ও শৃঙ্খলা প্রয়োগ করতে হয়। পিতা–মাতার এই স্বতন্ত্র আচরণ, মূলবোধ শিশুর সামাজিকীকরণকে প্রভাবিত করে। একটি শিশু পরিবারের বড় ভাই ও বোনদের কাছ থেকে সহযোগিতা, সহমর্মিতা, শৃঙ্খলাবোধ, নিয়মনীতি, স্নেহ–ভালোবাসা প্রভৃতির শিৰা পেয়ে থাকে। যা পরবর্তী সময়ে শিশুর আচরণে প্রভাব ফেলে। দাদা–দাদি, নানা–নানি, চাচা–চাচি, চাচাতো ভাই ও বোন এবং নিকট আত্মীয়স্বজনের কাছ থেকে অনেক বিষয় শিশুর আচরণে রেখাপাত করে। এটি শিশুর ধারণাকে সমৃদ্ধ ও নিজ সম্পর্কে সুদৃঢ় করে। আর এ প্রেৰিতে বলা যায় যে, হাসানের সামাজিকীকরণে পরিবারের অন্যান্য সদস্যদের ভূমিকা গুরবত্বপূর্ণ।

---

■ **অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)**

**প্রশ্ন– ৯**

মীরা একটি বেসরকারি অফিসে উচ্চপদে চাকরি করে। মীরার অফিসের সাপোর্ট স্টাফ যখন মীরাকে সকালে চা দেয় তখন সে তাকে ধন্যবাদ জানায়। সাপোর্ট স্টাফকে ধন্যবাদ দেওয়াতে তার কলিগরা অবাক হয় এবং এ ব্যাপারে জিজ্ঞেস করে। মীরা বলে যখন ছোট ছিলাম তখন কাজের ছেলেটি যখন নাস্তা দিত, চা দিত তখন মা বলতেন, তাকে ধন্যবাদ দাও। সে তোমার কাজটি করে দিয়েছে। মা আরও বলতেন, মানুষকে তার কাজের জন্যে কখনও ছোট করে দেখো না; বরং তাকে মানুষ হিসেবে মূল্যায়ন করো।

ক. শিশুর সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম কোনটি? ১
খ. ব্যক্তির সামাজিকীকরণে পরিবার কীরূ প ভূমিকা পালন করে? ২
গ. মীরার সামাজিকীকরণে কোন প্রতিষ্ঠানটি মুখ্য ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে করো, শহরের সংস্কৃতি মীরার এই মূল্যবোধ সৃষ্টিতে ভূমিকা রেখেছে? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

## ৯ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম হলো বিদ্যালয়।

**খ** পারিবারিক জীবনের মধ্যেই আমাদের শৈশব কাটে। স্বাভাবিকভাবেই পারিবারিক জীবনের ভালো দিক এবং মন্দ দিক সবই আমাদের আচরণকে প্রভাবিত করছে। পরিবারের মধ্যেই সামাজিক নীতিবোধ ও নাগরিক চেতনার সূচনা হয়। আমরা সহযোগিতা, সহিষ্ণুতা, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ, ত্যাগ, ভালোবাসা প্রভৃতি গুণগুলো পরিবারের মধ্য থেকেই অর্জন করি।

***X-clusive লিংক :*** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** সামাজিকীকরণে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর।

**ঘ** ব্যক্তি সামাজিকীকরণে গ্রামের তুলনায় শহরের পরিবার বেশি ভূমিকা পালন করে– বিশেৱষণ কর।

**প্রশ্ন– ১০**

রাকিব ৯ম শ্রেণির ছাত্র। তার বাবা–মা দুজনেই চাকরি করে। কিন্তু তারা বাসায় এলেই ঝগড়া বিবাদে লিপ্ত থাকে। এতে রাকিবের কষ্ট হয় এবং দুষ্ট প্রকৃতির প্রতিবেশী বন্ধুদের সাথে মেলামেশা করে। পিতামাতা বিষয়টি গুরবত্ব না দেওয়ায় তার মধ্যে নানা রকম নেতিবাচক আচরণ লৰ করা যায়।

ক. শিশুর সামাজিকীকরণে শক্তিশালী ভূমিকা পালন করে কে? ১
খ. শিশুর সামাজিকীকরণের মাধ্যম হিসেবে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. রাকিবের ব্যক্তিত্ব গঠনে তার বন্ধুদের প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শিশুর সুষ্ঠু ব্যক্তিত্ব গঠনে পিতামাতার ভূমিকা গুরবত্বপূর্ণ'– উপরের ঘটনার আলোকে বিশেৱষণ কর। ৪

## ১০ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর সামাজিকীকরণে শক্তিশালী ভূমিকা পালন করে শিশুর পরিবার।

**খ** সামাজিকীকরণের মাধ্যমগুলোর মধ্যে পরিবারের ভূমিকাই সর্বাপেৰা গুরবত্বপূর্ণ। বলা হয়ে থাকে যে, শিশুর ব্যক্তিত্ব বিকাশের পথে বংশগতি মূল উপাদান জোগায়, সংস্কৃতি নকশা তৈরি করে এবং পরিবারে পিতামাতা কারিগর হিসেবে কাজ করে। কারণ শিশুর দৈহিক, মানসিক, বস্তুগত ও অবস্তুগত যাবতিয় প্রয়োজন মেটায় পরিবার।

***X-clusive লিংক :*** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** খেলার সাথি শিশুকে কীভাবে সামাজিকীকরণে সাহায্য করতে পারে? ব্যাখ্যা কর।

**ঘ** সামাজিকীকরণের মাধ্যম হিসেবে পরিবারের ভূমিকা বর্ণনা কর।

## জ্ঞানমূলক ও অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পরিবার কোন ধরনের সংগঠন?**

**উত্তর :** পরিবার একটি চিরস্থায়ী সামাজিক সংগঠন।

**প্রশ্ন ॥ ২ ॥ কীসের মাধ্যমে মানবজাতি বিকাশ লাভ করেছে?**

**উত্তর :** পরিবারের মাধ্যমে মানবজাতি বিকাশ লাভ করেছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ পরিবার কাকে বলে?**

**উত্তর :** একই সঙ্গে বসবাসকারী কয়েকজন ব্যক্তির সমষ্টিকে পরিবার বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পরিবারের অন্যতম কাজ কী?**

**উত্তর :** পরিবারের অন্যতম কাজ হলো বংশরৰা ও সামাজিকীকরণ।

**প্রশ্ন ॥ ৫ ॥ একক পরিবার কাকে বলে?**

**উত্তর :** স্বামী–স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে যে পরিবার গঠিত হয় তাকে একক পরিবার বলে।

**প্রশ্ন ॥ ৬ ॥ যৌথ পরিবার কাকে বলে?**

**উত্তর :** কোনো পরিবারের কর্তার সাথে যদি তার মা–বাবা ভাই–বোন, দাদা–দাদি, চাচা–চাচি একত্রে বাস করে তাকে যৌথ পরিবার বলে।

**প্রশ্ন ॥ ৭ ॥ কোন কোন দেশে যৌথ পরিবারের আধিক্য রয়েছে?**

**উত্তর :** বাংলাদেশ ও ভারতে যৌথ পরিবারের আধিক্য রয়েছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ গ্রামীণ সমাজে কোন পরিবারের সংখ্যা বেশি লক্ষ করা যায়?**

**উত্তর :** গ্রামীণ সমাজে যৌথ পরিবারের সংখ্যা বেশি লৰ করা যায়।

**প্রশ্ন ॥ ৯ ॥ শহুরে পরিবারের প্রধান রূপ কোনটি?**

**উত্তর :** একক পরিবার বা ক্ষুদ্র পরিবার।

**প্রশ্ন ॥ ১০ ॥ শিশুর জন্য গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান কোনটি?**

**উত্তর :** শিশুর জন্য গুরবত্বপূর্ণ শিৰা প্রতিষ্ঠান হচ্ছে পরিবার।

**প্রশ্ন ॥ ১১ ॥ এক সময় কোনটি ধর্মশিক্ষার প্রাণকেন্দ্র ছিল?**

**উত্তর :** এক সময় পরিবার ধর্মশিৰার প্রাণকেন্দ্র ছিল।

**প্রশ্ন ॥ ১২ ॥ শিশু সহযোগিতা, সহমর্মিতা, ঐক্য, নেতৃত্ব প্রভৃতি গুণাবলি কোথা থেকে অর্জন করে?**

**উত্তর :** শিশু সহযোগিতা, সহমর্মিতা, ঐক্য, নেতৃত্ব প্রভৃতি গুণাবলি প্রতিবেশী দল থেকে অর্জন করে।

**প্রশ্ন ॥ ১৩ ॥ পরিবারের সদস্যদের আচার–আচরণের ফলে শিশুর মধ্যে কী গড়ে ওঠে?**

**উত্তর :** পরিবারের সদস্যদের আচার–আচরণের ফলে শিশুর মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ শিশুর সামাজিকীকরণের প্রথম সূত্রপাত হয় কার কাছ থেকে?**

**উত্তর :** শিশুর সামাজিকীকরণের প্রথম সূত্রপাত হয় মায়ের কাছ থেকে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ শিশুর সামাজিকীকরণে কাদের ভূমিকা গুরুত্বপূর্ণ।**

**উত্তর :** শিশুর সামাজিকীকরণে পরিবারের সদস্যদের ভূমিকা গুরবত্বপূর্ণ।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পরিবার ধারণাটি তুমি কীভাবে সংজ্ঞায়িত করবে?**

**উত্তর :** পরিবার হলো সমাজ কাঠামোর মৌল সংগঠন। গোষ্ঠী জীবনের প্রথম ধাপ হচ্ছে পরিবার। পরিবার হচ্ছে মোটামুটিভাবে স্বামী–স্ত্রীর একটি স্থায়ী সংঘ বা প্রতিষ্ঠান, যেখানে সন্তান–সন্ততি থাকতে পারে আবার নাও থাকতে পারে। বিবাহ পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত। একজন পুরবষ সমাজস্বীকৃত উপায়ে একজন নারীকে বিয়ে করে একটি পরিবার গঠন করে।

**প্রশ্ন ॥ ২ ॥ পরিবার শিশুর অন্যতম উল্লেখযোগ্য শিক্ষাকেন্দ্র– ব্যাখ্যা কর।**

**উত্তর :** পরিবার শিশুর অন্যতম উলেরখযোগ্য শিৰাকেন্দ্র। জন্মের পর শিশু গৃহেই প্রাথমিক শিৰা লাভ করে। যদিও বর্তমানে শিৰা দেওয়ার যাবতীয় দায়িত্ব গ্রহণ করেছে শিৰা প্রতিষ্ঠান তবুও আচার–ব্যবহার, নিয়মানুবর্তিতা, নৈতিকতা, ধর্মীয় বিধি–বিধান, আচার–আচরণ সম্পর্কিত বিষয়গুলো শিশু পরিবার থেকেই শিৰা গ্রহণ করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের শহর সমাজ কাঠামোর বৈশিষ্ট্য উল্লেখ কর।**

**উত্তর :** বাংলাদেশের শহর সমাজ কাঠামোর বৈশিষ্ট্য হলো– একক পরিবার কাঠামো, শিল্পভিত্তিক অর্থনীতি, জটিল সমাজ জীবন, শহরের সংস্কৃতি এবং মানুষের মধ্যে সামাজিক সম্পর্কের দূরত্ব প্রভৃতি। এ পরিবেশের বিভিন্ন উপাদানের সাথে ব্যক্তির আচরণিক ক্রিয়া–প্রতিক্রিয়া ঘটে, যা তার সামাজিকীকরণে প্রভাবিত হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ "বাংলাদেশের গ্রাম ও শহরের পরিবারের ধরন ও ভূমিকায় পার্থক্য রয়েছে।" ব্যাখ্যা কর।**

**উত্তর :** বাংলাদেশের গ্রাম ও শহরে পরিবারের ধরন ও ভূমিকায় পার্থক্য রয়েছে। এক সময় ছিল যখন আমাদের গ্রামীণ সমাজে যৌথ পরিবারের সংখ্যাই ছিল বেশি। কিন্তু বর্তমানে শিল্পায়ন, নগরায়ণ, জনসংখ্যা বৃদ্ধি, দরিদ্রতা, ভোগবাদী মানসিকতাসহ নানা কারণে যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাচ্ছে। সাম্প্রতিক সময়ের সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থার ক্ষুদ্র ঋণদান কর্মসূচির বিভিন্ন সুবিধা গ্রহণও পরিবারের এ পরিবর্তনে ভূমিকা রাখছে। বর্তমানে গ্রাম ও শহরে একক পরিবারের সংখ্যাই বেশি। গ্রামে বর্ধিত পরিবার দেখা গেলেও শহরে এ ধরনের পরিবার নেই বললেই চলে।

**প্রশ্ন ॥ ৫ ॥ সামাজিকীকরণ বলতে কী বোঝায়?**

**উত্তর :** সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্মের পর থেকে মৃত্যুর পূর্ব পর্যন্ত প্রতিটি ৰেত্রে এক পর্যায় থেকে আরেক পর্যায়ে খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ প্রক্রিয়া। বিভিন্ন পরিবেশে ব্যক্তির এ খাপ খাইয়ে চলার ফলে তার আচরণে পরিবর্তন আসে। নতুন নিয়মকানুন, রীতিনীতি এবং নতুন পরিবেশ পরিস্থিতির সঙ্গে নিজেকে খাপ খাইয়ে চলার প্রক্রিয়ার নাম সামাজিকীকরণ।

**প্রশ্ন ॥ ৬ ॥ "সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া।" ব্যাখ্যা কর।**

**উত্তর :** সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্মের পর হতে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ প্রক্রিয়া। জীবনের প্রতিটি ৰেত্রে ব্যক্তি যখন এক পর্যায় হতে আরেক পর্যায়ে প্রবেশ করে তখন তাকে নতুন পরিবেশ ও পরিস্থিতির সঙ্গে খাপখাইয়ে চলতে হয়। এ খাপ খাওয়ানো

প্রক্রিয়ার ফলে তার আচরণে পরিবর্তন আসে। নতুন নিয়মকানুন, রীতিনীতি এবং নতুন পরিবেশ পরিস্থিতির সঙ্গে নিজেকে খাপ খাইয়ে চলার প্রক্রিয়ার নাম সামাজিকীকরণ।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ➲ পাঠ-১ : পরিবারের ধারণা ও ধরন

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. শিশুর বেড়ে ওঠার প্রথম সূতিকাগার কোনটি?** (জ্ঞান)
ⓚ বিদ্যালয় ● পরিবার ⓖ সমাজ ⓘ রাষ্ট্র

**২. কীসের মাধ্যমে শিশুর প্রথম সামাজিকীকরণ শুরু হয়?** (জ্ঞান)
ⓚ সমাজের ⓛ রাষ্ট্রের ⓖ বিদ্যালয়ের ● পরিবারের

**৩. সমাজের ক্ষুদ্রতম একক কোনটি?** (জ্ঞান)
● পরিবার ⓛ বাজার ⓖ বিদ্যালয় ⓘ রাস্তাঘাট

**৪. রিমি এমন একটি জায়গায় থাকে যেটি একটি চিরস্থায়ী সামাজিক সংগঠন। এখানে কীসের কথা বলা হয়েছে।** (প্রয়োগ)
ⓚ হাসপাতাল ⓛ বিদ্যালয় ● পরিবার ⓘ সমাজ

**৫. রিফাজ বিয়ে করে তার স্ত্রীকে নিয়ে শহরে থাকে। রিফাজ কোন ধরনের পরিবারে বাস করে?** (প্রয়োগ)
● একক পরিবার ⓛ যৌথ পরিবার
ⓖ পিতৃতান্ত্রিক পরিবার ⓘ মাতৃতান্ত্রিক পরিবার

**৬. বাংলাদেশের কোথায় একক পরিবারের সংখ্যা বেশি?** (জ্ঞান)
ⓚ গ্রামাঞ্চলে ● শহরাঞ্চলে ⓖ উত্তরাঞ্চলে ⓘ দক্ষিণাঞ্চলে

**৭. কয়েকটি একক পরিবার মিলে কোনটি গঠিত হয়?**
ⓚ সমাজ ⓛ রাষ্ট্র
● যৌথ পরিবার ⓘ পিতৃতান্ত্রিক পরিবার

**৮. বাংলাদেশের কোথায় যৌথ পরিবার দেখা যায়?**
● গ্রামাঞ্চলে ⓛ শহরাঞ্চলে ⓖ পূর্বাঞ্চলে ⓘ পশ্চিমাঞ্চলে

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯. পরিবারের প্রত্যেক সদস্যদেরই থাকে–** (অনুধাবন)
i. দায়িত্ব ii. অহংকার
iii. কর্তব্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০. পরিবারের প্রধান দায়িত্ব হলো–** (অনুধাবন)
i. বংশরক্ষা ii. সামাজিকীকরণ
iii. আত্মরক্ষা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১. যৌথ পরিবার দেখা যায়–** (অনুধাবন)
i. চীন ii. বাংলাদেশ
iii. ভারত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রিয়কদের পরিবারের সদস্য সংখ্যা ১১ জন। দাদা–দাদি ও এক চাচার ছেলেমেয়েসহ একত্রে বাস করে। সে একটি স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ে ৩য় শ্রেণিতে পড়ে। অপরদিকে তার মামা–মামির দুই সন্তান মুন্না ও মিমি একটি ক্যাডেট স্কুলে ইংলিশ মিডিয়ামে পড়ে।

**১২. মিমিদের পরিবার কেমন?** (প্রয়োগ)
● একক ⓛ যৌথ ⓖ মাতৃপ্রধান ⓘ বর্ধিত পরিবার

**১৩. উদ্দীপকে প্রিয়ক সম্পর্কে বলা যায়–** (উচ্চতর দক্ষতা)
i. প্রিয়ক যৌথ পরিবারে বাস করে
ii. তার পরিবার পিতৃতান্ত্রিক
iii. শিক্ষা প্রতিষ্ঠান থেকে সামাজিকীকরণের শিক্ষাগুলো পাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

### ➲ পাঠ-২ ও ৩ : বাংলাদেশে গ্রাম ও শহরের পরিবার এবং পরিবর্তনশীল পরিবার ও শিশুর সামাজিকীকরণ

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪. বাংলাদেশের অধিকাংশ লোক কোথায় বাস করে?** (জ্ঞান)
● গ্রামে ⓛ শহরে ⓖ রাস্তায় ⓘ বিদেশে

**১৫. বাংলাদেশের মানুষ প্রধানত কীসের ওপর নির্ভরশীল?** (জ্ঞান)
ⓚ সমাজের ● কৃষিকাজের ⓖ ব্যবসার ⓘ চাকরির

**১৬. রূপা শহরে বসবাস করে। সেখানকার পরিবারের প্রধান রূপ কোনটি?** (প্রয়োগ)
ⓚ বড় পরিবার ● ক্ষুদ্র পরিবার ⓖ যৌথ পরিবার ⓘ গ্রামীণ পরিবার

**১৭. গ্রামীণ পরিবারের ক্ষমতা কার হাতে ন্যস্ত থাকে?** (জ্ঞান)
ⓚ মাতার ● পিতার ⓖ ভাইয়ের ⓘ বোনের

**১৮. গ্রামীণ যৌথ পরিবার ভেঙে কোন ধরনের পরিবার সৃষ্টি হয়েছে?** (অনুধাবন)
ⓚ পিতৃপ্রধান পরিবার ⓛ মাতৃপ্রধান পরিবার
● একক পরিবার ⓘ একান্নবর্তী পরিবার

**১৯. বর্তমানে কোথায় শহুরে পরিবর্তনের ছোঁয়া লেগেছে?** (অনুধাবন)
ⓚ বিদ্যালয়ে ⓛ পরিবারে ⓖ সমাজে ● গ্রামে

**২০. কোনটি শিশুর সামাজিকীকরণে প্রথম ভূমিকা রাখে?** (জ্ঞান)
● পরিবার ⓛ সমাজ ⓖ রাষ্ট্র ⓘ বিদ্যালয়

২১. **শিশুর প্রাথমিক শিক্ষা গ্রহণে কোনটির ভূমিকা গুরুত্বপূর্ণ?** (জ্ঞান)
ⓚ স্কুল-কলেজ ⓚ মাদ্রাসা ⓖ চিকিৎসালয় ● পরিবার

২২. **শিশু প্রথম শিক্ষা জগতে প্রবেশ করে কার মাধ্যমে?** (জ্ঞান)
ⓚ শিৰক ● বাবা-মা ⓖ ভাই-বোন ⓘ দাদা-দাদি

২৩. **বাংলাদেশের ধর্মপ্রাণ মানুষ কোন বিষয়ে সজাগ থাকে?** (জ্ঞান)
ⓚ শিশুর বিজ্ঞান শিৰা ● শিশুর ধর্মীয় শিৰা
ⓖ শিশুর ইংরেজি শিৰা ⓘ শিশুর বাংলা শিৰা

২৪. **রিশাদ একটি মাদ্রাসায় পড়াশুনা করে। সে ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে প্রথম ধারণা পায় কার কাছ থেকে?** (প্রয়োগ)
ⓚ মা-বাবা ● পরিবার ⓖ মাদ্রাসা ⓘ শিৰক

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

২৫. **ক্ষুদ্র পরিবারের প্রধান সমস্যা হলো–** (অনুধাবন)
i. জনসংখ্যা ii. সীমিত আয়
iii. বাসস্থান সমস্যা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

২৬. **শহুরে পরিবারের নেতৃত্ব ন্যস্ত থাকে–** (অনুধাবন)
i. স্বামীর হাতে ii. স্ত্রীর হাতে
iii. বাবার হাতে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৭. **একক পরিবার সৃষ্টির কারণসমূহ হলো–** (অনুধাবন)
i. অধিক জনসংখ্যা ii. পারিবারিক দ্বন্দ্ব
iii. বিবাহ বিচ্ছেদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২৮. **কার মাধ্যমে শিশুর শিখন প্রক্রিয়া শুরু হয়?** (অনুধাবন)
i. পরিবারের সদস্যদের ii. শিৰকের
iii. পিতামাতার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৯. **চাকরিজীবী পিতামাতা শিশুদের লালনপালন করছে–** (অনুধাবন)
i. বেবি হোমে ii. শিশু সদনে
iii. ডে-কেয়ার সেন্টারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩০. **পারিবারিক আচার-আচারণিক সম্পর্কের মধ্য দিয়ে শিশুর বিভিন্ন গুণগুলো হলো–** (অনুধাবন)
i. সহযোগিতা ii. সহিষ্ণুতা
iii. সহমর্মিতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩১. **শিশুর জীবনে সামাজিকীকরণের ফলে জাগ্রত হয়–** (উচ্চতর দৰতা)
i. সামাজিক নীতিবোধ ii. নাগরিক চেতনা
iii. ভ্রাতৃত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রিপন এবং তার স্ত্রী তাদের সন্তানদের শিৰিত ও মূল্যবোধ সম্পন্ন করে গড়ে তোলার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। ফলে তাদের সন্তানেরা সত্যবাদী, ন্যায়বোধ সম্পন্ন মানুষ হয়ে গড়ে উঠেছে।

৩২. **অনুচ্ছেদে সন্তানদের সামাজিকীকরণে কোন মাধ্যমটির ভূমিকা পরিলক্ষিত হয়েছে?** (প্রয়োগ)
● পিতা-মাতা ⓚ সহপাঠী ⓖ প্রতিবেশী ⓘ ভাই-বোন

৩৩. **অনুচ্ছেদে উল্লিখিত বাবা-মায়ের মানসিকতা–** (উচ্চতর দৰতা)
i. সন্তানের সুষ্ঠু বিকাশে সহায়তা করবে
ii. কিশোর অপরাধ লোপ পাবে
iii. ধর্মীয় গুণাবলি লোপ পাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**➲ পাঠ-৪ : শিশুর সামাজিকীকরণে পরিবারের সদস্য ও তাদের পারস্পরিক সম্পর্কের ভূমিকা**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৩৪. **শিশুর সবচেয়ে কাছের মানুষ কে?** (জ্ঞান)
● মা-বাবা ⓚ দাদা-দাদি ⓖ চাচা-চাচি ⓘ নানা-নানি

৩৫. **আলিফ কিছুদিন আগে জন্মগ্রহণ করেছে। তার ভিতরে সামাজিকীকরণের সূত্রপাত ঘটবে কার মাধ্যমে?** (প্রয়োগ)
ⓚ বাবার ● মায়ের
ⓖ প্রতিবেশীর ⓘ আত্মীয়-স্বজনের

৩৬. **শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম?** (জ্ঞান)
ⓚ ভাই-বোন ⓚ বাবা ● মা ⓘ প্রতিবেশী

৩৭. **প্রধানত পরিবারের জন্য উপার্জন করেন কে?** (জ্ঞান)
● বাবা ⓚ মা ⓖ ভাই-বোন ⓘ চাচা

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৩৮. **পিতা-মাতার যেসব বিষয় শিশুর সামাজিকীকরণে প্রভাব বিস্তার করে তা হলো–** (উচ্চতর দৰতা)
i. স্বতন্ত্র আচরণ ii. শাসন
iii. মূল্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. **শিশুর সুষ্ঠু সামাজিকীকরণের জন্য প্রয়োজন?** (অনুধাবন)
i. সুন্দর পারিবারিক পরিবেশ ii. ঝগড়া-বিবাদ
iii. মনোমালিন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ⓚ ii ⓖ iii ⓘ i, ii ও iii

৪০. **চাকরিজীবী পিতা-মাতার সন্তানকে নির্ভর করতে হয়–** (অনুধাবন)

i. গৃহভৃত্যের ওপর    ii. দাদা–দাদির ওপর
iii. আত্মীয়–স্বজনের ওপর
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  ⓚ i ও iii  ⓖ ii ও iii  ⓘ i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৩ – ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :**

অর্পণ ছোটবেলা থেকে আচার–ব্যবহার, কথাবার্তা, চলাফেরা প্রভৃতি তার পিতা–মাতা বা পরিবার থেকে, খেলার সাথিদের কাছ থেকে, তার স্কুল থেকে শিখেছে। এভাবে সামাজিকীকরণ প্রক্রিয়ার মাধ্যমে অর্পণ শিশু থেকে ব্যক্তিত্বপূর্ণ সামাজিক মানুষ পরিণত হয়েছে।

৪১. **অর্পণের ব্যক্তিত্বপূর্ণ মানুষে পরিণত হওয়ার গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কোনটি কাজ করেছে?** (প্রয়োগ)

● পরিবার  ⓚ খেলার সাথি  ⓖ শিৰাপ্রতিষ্ঠান  ⓘ ধর্ম

৪২. **অর্পণের ক্ষেত্রে কী ঘটেছে?** (উচ্চতর দৰতা)

● সুষ্ঠু সামাজিকীকরণ  ⓚ সামাজিক নীতি অনুসরণ
ⓖ সামাজিক সম্পর্কের  ⓘ ধর্মীয় নীতি অনুসরণ

৪৩. **অর্পণের মতো প্রতিটি মানুষের ক্ষেত্রে সামাজিকীকরণে উক্ত মাধ্যমটির ভূমিকা হচ্ছে–** (উচ্চতর দৰতা)

i. খাওয়া–দাওয়ার আদব শিৰা    ii. আচার–আচরণ শিৰা
iii. নৈতিক শিৰা দান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ● ii ও iii  ⓖ i ও iii  ⓘ i, ii ও iii